ঝিনাইদহে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

‘মানুষ মানুষের জন্য’ এ স্লোগানে ঝিনাইদহ জেলা পুলিশের উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।
মঙ্গলবার সকালে ঝিনাইদহ পুলিশ সুপারের কার্যালয় চত্বরে এ কম্বল বিতরণ করা হয়।
এসময় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান (পিপিএম)সহ জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
এসময় পুলিশ সুপার মো: হাসানুজ্জামান বলেন, আমাদের সামান্য সহযোগিতায় একজন শীতার্ত মানুষ পেতে পারে উঞ্চতার ছোঁয়া। লাঘব হতে পারে অনেকের কষ্ট। তাই অসহায়, দুঃস্থ ও শীতার্ত মানুষের পাশে দাঁড়িয়ে আমাদের মানবতার সেবায় এগিয়ে আসতে হবে। পরে সদর উপজেলার অর্ধশতাধিক দুস্থ: অসহায়দের মাঝে কম্বল বিতরণ করা হয়।
– ঝিনাইদহ প্রতিনিধি

গাঁজা রাখার দায়ে একজনের ৬ মাসের কারাদন্ড

গাঁজা সেবন ও রাখার দায়ে মেহেরপুরের গাংনী উপজেলার হিন্দা গ্রামের একজনকে ৬ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করেছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে তাকে এ দন্ড প্রদান করেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

দন্ড প্রাপ্ত আসামী উপজেলার হিন্দা গ্রামের পশ্চিমপাড়ার মৃত মুরাদ মন্ডলের ছেলে মোঃ একছার আলি।

আদালত সুত্রে প্রকাশ, মাদকদ্রব্য আইন ২০১৮ এর ৩৬ (১) টেবিল ২৯ (ক) ধারায় ৬মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়।

এর আহে তাকে ২শ’ গ্রাম গাঁজাসহ গ্রেফতার করে গাংনী থানা পুলিশ।

– গাংনী প্রতিনিধি

গাংনীর গাড়াডোবে গলায় ফাঁস দিয়ে গৃহকর্তার আত্মহত্যা

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব গ্রামে গলায় ফাঁস দিয়ে আতর আলী নামের একজন আত্মহত্যা করেছে বলে জানা গেছে।

মঙ্গলবার ভোরে বাড়ির খালি ঘরে সে আত্মহত্যা করে বলে পরিবারের লোকজন জানায়।

মৃত ব্যাক্তি ঐ গ্রামের মৃত আতর আলি ছেলে মোঃ আনছার আলির ছেলে। সে মেহেরপুর পল্লি বিদ্যুৎ অফিসের কর্মরত ছিল।

পারিবারের লোকজন জানান,মৃত আনছার আলি দীর্ঘদিন ধরে পেটের সমস্যায় ভুগছিল। এ সমস্যায় সে দু’বার অপারেশনও করেছিল তাছাড়া চোখের অসুখেও দু’বার অপারেশন করে।

স্থানীয়দের ধারণা সে মানসিকভারসাম্য হারিয়ে আত্মহত্যার পথ বেছে নিতে পারেন।

তবে আত্মহত্যার দু’দিন আগেও সে তার কর্মস্থলে যায় এবং তার পরের দিন বেলতলা পাড়া গ্রামের মেয়ের বাড়িতে বেড়াতেও যান। ঘটনাস্থলে পুলিশ তদন্ত করছে বলে জানা গেছে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান,ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তদন্ত করে এ বিষয়ে পরে ব্যবস্থা নেওয়া হবে।

- গাংনী প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

-[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আফরোজা খাতুন মহিষাখোলা গ্রামের হাউস আলীর মেয়ে। গাংনী উপজেলার নওদাপাড়া গ্রামের শিপন মিয়ার সাথে তার বিয়ে হয়। শিপন বিদেশে থাকায় দুই ছেলেকে নিয়ে পিতার বাড়িতে বসবাস করতেন আফরোজা।

নিহতের পারিবারিক সূত্রে জানা যায়, সোমবার রাতে প্রতিদিনের ন্যায় নিজ ঘরে দুই ছেলেকে নিয়ে ঘুড়িয়ে পড়েন আফরোজা। তবে সকালে ঘুম থেকে উঠে বাড়ির লোকজন আফরোজার সন্ধান পাচ্ছিলেন না।

খোঁজার এক পর্যায়ে বাড়ির পার্শ্ববর্তী একটি তুলা ক্ষেতে আফরোজার ব্যবহৃত ওড়না ও স্যান্ডেলের সন্ধান পাওয়া যায়। এতে পরিবারের লোকজনের সন্দেহ বেড়ে যায়।

পরে প্রতিবেশী আজাদ বক্সের পুকুরে আফরোজার মরদেহ খুঁজে পায় স্বজনরা। তার গলায় আঘাতের চিহ্নি রয়েছে।

এতে তাকে শ্বাসরোধ করে হত্যা করে পুকুরে মরদেহ ফেলে রাখা হয়েছে বলে ধারনা স্বজনদের। তবে কী কারণে কারা তাকে হত্যা করেছে তা নিশ্চিত হতে পারছেন না পরিবার।

মরদেহ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করে গাংনী থানা

ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান বলেন, মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হচ্ছে।

সেই সাথে এ ঘটনার পেছনের রহস্য উন্মোচনে মাঠে নেমেছে পুলিশ।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে দৈনিক ইত্তেফাকের ৬৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে শোভাযাত্রা, কেক কাটা ও আলোচনা সভার মধ্যে দিয়ে দৈনক ইত্তেফাক পত্রিকার ৬৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর শিল্পকলা একাডেমী থেকে একটি বর্নাঢ্য

শোভাযাত্রা বের করা হয়।

শোভাযাত্রাটি মেহেরপুর জেলা প্রেস ক্লাব প্রাঙ্গনে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রেসক্লাবে আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়।

দৈনিক ইত্তেফাকের মেহেরপুর জেলা প্রতিনিধি মাহাবুব চান্দুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সহসভাপতি নাসের চৌধুরী, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, মেহেরপুর প্রতিদিন’র সম্পাদক ইয়াদুল মোমিন, সাংস্কৃতিক কর্মী শামিম জাহাঙ্গীর সেন্টু, মাহবুবুল হক মন্টু, শামিমুল ইসলাম, ইমদাদুল হক প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের দুই বছরে পদার্পণ উপলক্ষে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

এ উপলক্ষে সোমবার রাতে শহরের কোর্ট সড়কে অবস্থিত জেলা প্রেসক্লাবে কেক কাটা হয়।

এসময় আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারি শিক্ষক আব্দুল ওয়াদুদ, বিশিষ্ট্য ব্যবসায়ী আব্দুর রাজ্জাক, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সহ-সভাপতি নাসের চৌধরী, সাধারণ সম্পাদক মাহাবুব চাঁন্দু, অর্থ-সম্পাদক দিলরুবা খাতুন, দপ্তর সম্পাদক মাসুদ রানা, নির্বাহী সদস্য মিজানুর রহমান, সাধারণ সদস্য মুর্তজা ফারুক রুপক, সাংবাদিক রেজাউল করিম, পাভেল মাহমুদ সহ সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীর ময়না হার্ডওয়ার এন্ড স্যানিটারি ব্যবসা প্রতিষ্ঠানের ১০ বছর পূর্তি

মেহেরপুরের গাংনী উপজেলা শহরের ময়না হার্ডওয়ার ও স্যানিটারি ব্যবসা প্রতিষ্ঠানের ১০ বছর পূর্তি উপলক্ষে সেমিনার ২০১৯ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ৯টা থেকে উপজেলার ভাটপাড়া ডিসি ইকো পার্কে র্যালী দিয়ে এ অনুষ্ঠানের সূচনা হয়।

র্যালী শেষে সেমিনার অনুষ্ঠানে বক্তব্য রাখেন কথা সাহিত্যিক রফিকুর রশীদ রিজভি।

ময়না হার্ডওয়ার ও স্যানিটারি ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্বাধীকারি মো: জিয়াউর রহমানের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক মহাম্মদ আবু জাফর, অ্যাড. এ কে এম শফিকুল আলম, বিশিষ্ট ব্যবসায়ী হাজী আলফাজ উদ্দিন, গাংনী বাজার কমিটির সভাপতি মহিবুর রহমান স্বপন, সাধারণ সম্পাদক বজলুর রহমান বুলু, সাবেক সভাপতি মুস্তাফিজুর রহমান মানিক, মহিলা কলেজের প্রভাষক মহিবুর রহমান মিন্টু প্রমুখ।

এ সময় সকল টাইলস শ্রমিক, ইলেক্ট্রিক শ্রমিক, পানি ফিটিং শ্রমিক ও পেইন্ট শ্রমিকদের সমন্বয়ে এক মিলন মেলার পরিবেশ তৈরী হয়।

সেমিনার শেষে এক প্রীতিভোজের আয়োজন করা হয়। পরে শ্রমিকদের নিয়ে এক মনোজ্ঞা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

- গাংনী প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[

জয়ী ইতি খাতুনকে সংবর্ধনা

অতি সম্প্রতি নেপালে অনুষ্ঠিত এসএ গেমসে স্বর্ণপদকজয়ী ইতি খাতুনকে সংবর্ধনা দিয়েছে জেলা প্রশাসন।

সোমবার বিকেল সাড়ে চারটায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে এ সংবর্ধনা দেওয়া হয়।

সংবর্ধনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মো. নজরুল ইসলাম সরকার। প্রধান অতিথি ছিলেন সংবর্ধিত অতিথি ইতি খাতুন।

চুয়াডাঙ্গার মেয়ে ইতি খাতুন এসএ গেমসে আর্চারিতে স্বর্ণপদক জয়লাভ করেন। তিনি একক ও দলগতভাবে মোট তিনটি স্বর্ণপদক পান।

চুয়াডাঙ্গা শহরের বেলগাছি মুসলিম পাড়ায় ইতি খাতুন তার বাবা ও মায়ের সাথে রেলওয়ের জমিতে বসবাস করেন। তাদের নিজেদের কোনো জমি নেই। ইতি খাতুন চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বিদ্যালয়ের অস্টম শ্রেণির ছাত্রী।

সংবর্ধনা অনুষ্ঠানে ইতি খাতুন বক্তৃতা দিতে গিয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন। ইতি খাতুন জানান, দেশের মুখ উজ্জ্বল করার জন্য আমি আমার প্রচেস্টা অব্যাহত রেখেছি। আমি আমার খেলার মাধ্যমে বাংলাদেশের মুখ উজ্জ্বল করার চেস্টা করবো।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মো. নজরুল ইসলাম সরকার তার বক্তব্যে ইতি খাতুনের বসবাসের জন্য খাস জমি দেওয়ার ঘোষণা দেন।

জেলা প্রশাসন আয়োজিত সংবর্ধনা শেষে জেলা ক্রীড়া সংস্থা, মহিলা ক্রীড়া সংস্থাও ইতি খাতুনকে ক্রেস্ট ও ফুল দিয়ে সংবর্ধনা জানায়।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি